

কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড  
নিউমুরিং, চট্টগ্রাম  
www.navy.mil.bd

ফোন : ৭৪০৩৯১-৫ বর্ধিত ৬৭২৫  
ই-মেইল : csd@navy.mil.bd

৩২ ভাদ্র ১৪২৭

১৫ সেপ্টেম্বর ২০২০

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.০৯৮.২০ ২৪৭২

### দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

১। **বিএনএফসি বলবান** এর নিম্নে বর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে জরুরি ভিত্তিতে দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

#### কাজের বর্ণনা ও শর্তাবলী

**Bilge Cleaning:** Main engine room, crane engine room and tiller flat bilge area required to be cleaned for annual inspection 2020.

২। **Bilge Cleaning কাজ সংক্রান্ত বিবরণ।** উক্ত Bilge Cleaning কাজে কোন মালামাল সরবরাহের প্রয়োজন হলে তার প্রকৃত উৎস উল্লেখ করতে হবে।

৩। **যন্ত্রপাতি/যন্ত্রাংশ/আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ।** বিল্জ ক্লিনিং কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট জাহাজের ট্যাংকসমূহ সরেজমিনে পর্যবেক্ষণ করে দরপত্র দাখিল করবেন।

৪। **মেরামত সংক্রান্ত নির্দেশাবলী।** উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/ বিনির্দেশ মোতাবেক হতে হবে। উল্লেখ্য কার্য সম্পাদনের ক্ষেত্রে ১৮ বছরের নীচে কোন ব্যক্তিকে শ্রমিক হিসাবে নিয়োগ করা যাবে না এবং কোভিড-১৯ সংক্রান্ত সকল নির্দেশনাবলী কঠোরভাবে অনুসরণ করতে হবে।

৫। **তত্ত্বাবধায়ক শপ/ ঘাঁটি/ জাহাজ।** উক্ত কাজ সংশ্লিষ্ট জাহাজের তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

৬। **জনবলের সার্বিক নিরাপত্তা।** উক্ত কাজ সম্পাদনের সময় নিজস্ব সকল জনবলের সার্বিক নিরাপত্তা সরবরাহকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

৭। **কার্য সম্পন্নের সময়সীমা।** কার্যাদেশ গ্রহণের ০৪ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে (বিএনএফসি বলবান সিআর নং ৭৮৩২০০০০৪৭ তারিখ ১৫ সেপ্টেম্বর ২০২০)।

৮। **বিলম্ব জরিমানা।** বর্ণিত Bilge Cleaning কাজ নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে কর্তৃপক্ষ কার্যাদেশের মোট মূল্যের প্রতি মাসে ১%-২% হারে বিলম্বিত সময়ের জন্য মোট মূল্যের সর্বোচ্চ ১০% Liquidated Damage (LD) হিসেবে কর্তন করতে পারবে।

৯। **গ্রহণযোগ্য সনদপত্র ও বিল প্রদান।** কাজ সমাপ্তির পর গ্রহণযোগ্য সনদপত্র এবং বিধি মোতাবেক অন্যান্য সকল নথিপত্রসহ যথাযথ বিল (চার সেট) সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/ এসএফসি (নৌ) টাকা কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১০। হাসপাতাল গেইট রক্ষিত টেন্ডার বক্সে আগামী ২০ সেপ্টেম্বর ২০২০, ১০০০ ঘটিকার পূর্বে দরপত্র জমা দিতে হবে।

১১। আগামী ২০ সেপ্টেম্বর ২০২০, ১০৩০ ঘটিকায় টেন্ডার বাক্স খোলা হবে।

১২। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম বরাবর দাখিল করতে হবে।

১৩। দরপত্র সংক্রান্ত কোন বিষয় বোধগম্য না হলে অত্র সংস্থার প্ল্যানিং এন্ড এন্টিমেটিং ডিপার্টমেন্টের আউটসাইড এজেন্সি এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল/ গ্রহণ করার ক্ষমতা রাখে।

- ১৫। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স অন্তর্ভুক্ত করে দরপত্র দাখিল করবে।
- ১৬। দরপত্র টেন্ডার বাক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীল মোহর যুক্ত হতে হবে। অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।
- ১৭। দরপত্র দাখিল করে দরপত্র খোলার পর বাতিল বা প্রত্যাহারের আবেদন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। কার্যাদেশ প্রদানের পর কাজে অপারগতা প্রকাশ করলে মোট মূল্যের উপর ৫% জরিমানা আরোপ করা হবে।



মাহবুবা আফরোজ

কমান্ডার বিএন

পক্ষে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড

বিতরণঃ

অন্তঃ

কার্যঃ

প্রেসিডেন্ট টেন্ডার কমিটি

ভারপ্রাপ্ত কর্মকর্তা

কম্পিউটার সেকশন, বিএন ডকইয়ার্ড

- ওয়েব সাইটে ([www.csd.navy.mil.bd](http://www.csd.navy.mil.bd)) প্রকাশের অনুরোধসহ

বহিঃ

কার্যঃ

নেভিগেটিং অফিসার, বিএন ডকইয়ার্ড

- নোটিশ বোর্ডে দরপত্রটি বুলানোর অনুরোধসহ